

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০০৯৮

আগরতলা, ১৮ মার্চ, ২০২৩

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস
রাজ্য সরকার মহিলাদের উন্নয়নে পাশে রয়েছে : ক্রীড়ামন্ত্রী

মহিলাদের স্বশক্তিকরণ ও আর্থসামাজিক মানোন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। এ সমস্ত প্রকল্পের সফল বাস্তবায়নে মহিলাদেরই সর্বাগ্রে এগিয়ে আসতে হবে। আজ যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় জেলরোডস্থিত ক্ষুদিরাম বসু ইংরেজি মাধ্যম বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত ‘আন্তর্জাতিক নারী দিবস’ অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্য সরকার মহিলাদের উন্নয়নে পাশে রয়েছে। তবে মহিলাদেরও জাতীয় চেতনায় উদ্বুদ্ধ হতে হবে। তিনি বলেন, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা নারী পুরুষ নির্বিশেষে সকলের সহযোগিতা নিয়ে ত্রিপুরাকে এক শ্রেষ্ঠ রাজ্য হিসেবে গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষণে বিধায়ক কল্যাণী রায় বলেন, গার্হস্থ্য হিংসা ও কন্যা ভ্রূণ হত্যা কিভাবে রোধ করা যায় সে বিষয়ে আমাদের আরও ভাবতে হবে। এ কাজটি প্রতিটি বাড়ি থেকে শুরু করতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশের আন্তর্জাতিক ফুটবলার রেহেনা পারভিন ও পদ্মশ্রী দীপা কর্মকার। স্বাগত বক্তব্যে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমং মগ বলেন, কেন্দ্রীয় সরকারের যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রকের উদ্যোগে বিভিন্ন রাজ্যে ৮ মার্চ থেকে আগামী ২৭ মার্চ পর্যন্ত আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান ও খেলাধুলার আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে। এরই অঙ্গ হিসেবে আজকের এই অনুষ্ঠান। অনুষ্ঠানে দাবাড়ু অর্শিয়া দাস, জিমন্যাস্ট প্রতিষ্ঠা সামন্ত, ক্রিকেটার রিজু সাহা, জুডোকা সাহেনা দেববর্মা এবং এনএসএস ভলান্টিয়ার রিয়া রায় চৌধুরীকে ক্রীড়ামন্ত্রী শ্রী রায় ট্রফি ও উত্তরীয় দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করেন। এরপর খেলোয়াড়রা ১০০ মিটার দৌড়, ২০০ মিটার হাঁটা, শটপাট থ্রো, মিউজিক্যাল চেয়ার ও টাগ অব ওয়ারে অংশ নেন। উপস্থিত ছিলেন দ্রৌণাচার্য পুরস্কারপ্রাপ্ত প্রখ্যাত কোচ বিশ্বেশ্বর নন্দী, ক্ষুদিরাম বসু ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের অধ্যক্ষ সমীর রঞ্জন দাস প্রমুখ। সভাপতিত্ব করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সুবিকাশ দেববর্মা।
